

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৯৭৭

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১ ত্রাণ্টা

পরিচ্ছেদঃ ১৩. প্রথম অনুচ্ছেদ - বাগান ও জমিনের বর্গা (পরস্পর সেচকার্য করা ও ভাগে কৃষিকাজ, বর্গাচাষ করা)

بَابُ الْمُسَاقَاةِ وَالْمُزَارَعَةِ

আরবী

وَعَنْ جَابِرٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ كَانَتْ لَهُ أَرْضٌ فَلْيَزْرَعْهَا أَقْ لِيَمْنَحْهَا أَخَاهُ فَإِنْ أَبَى فَلْيُمْسِكْ أَرضه»

বাংলা

২৯৭৭-[৬] জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তির কোনো জমিন আছে সে যেন তা চাষ করে অথবা তার ভাইকে চাষ করতে দেয়। যদি সে তা না করে, তবে যেন সে তার জমিন ধরে রাখে। (বুখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ২৩৪০, মুসলিম ১৫৩৬, ইবনু মাজাহ ২৪৫১, আহমাদ ১৪৮১৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: মুযহির বলেনঃ মানুষের সম্পদ থেকে উপকার সাধন হওয়া উচিত। অতএব যার জমি আছে সে তা চাষ করবে যাতে তা থেকে তার উপকার লাভ হয়। অথবা তা তার ভাইকে চাষ করতে দিবে যাতে তাখেকে তার সাওয়াব অর্জিত হয়। এ দু' পস্থায় কোনো পস্থা উপকার না নিয়ে সে যদি তার জমি আটকিয়ে রাখে রাখুক। এটা তার জন্য ধমকি।

ইমাম নববী (রহঃ) বলেনঃ ইমাম শাফি স্ট এবং তাঁর অনুসারীদের মতে স্বর্ণ বা রূপার বিনিময়ে জমি ভাড়া দেয়া বৈধ। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন